বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম -এর ৯ম গ্রেডভুক্ত জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) এবং মৎস্য অধিদপ্তরের ১০ম গ্রেডভুক্ত সহকারী মৎস্য কর্মকর্তা ও সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শক পদের লিখিত পরীক্ষা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## বিজ্ঞপ্তি

নথি নম্বর : ৮০.০০.০০০০.১০৮.১১.০১৮.২৪- ১৭০

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৯ মে ২০২৬

**বিষয় : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম -এর ৯ম গ্রেডভুক্ত জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) এবং মৎস্য অধিদপ্তরের ১০ম গ্রেডভুক্ত সহকারী মৎস্য কর্মকর্তা ও সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শক পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম -এর ৯ম গ্রেডভুক্ত **জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)** এবং মৎস্য অধিদপ্তরের ১০ম গ্রেডভুক্ত **সহকারী মৎস্য কর্মকর্তা** ও **সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শক** পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :

| পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর | পরীক্ষার তারিখ ও সময় | ক্রমিক নম্বর | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| **জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)** (৯ম গ্রেড ) (বিজ্ঞপ্তির তারিখ : ১৩.০২.২০২৫ নম্বর-২৩) | **তারিখ-১৪.০৬.২০২৬ রোজ-রবিবার** সময়- দুপুর ১২:০০ মিনিট থেকে বিকাল ৪:০০ মিনিট পর্যন্ত | ১. | মাল্টিপারপাস হল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ভবন আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭। | ০০০০০১-৮০০০৮৯ | ৩৫৭ |
| **সহকারী মৎস্য কর্মকর্তা** (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ : ২৩.১২.২০২১ নম্বর-২০৬ | | ২. | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা। | ০০০০০২-৮০০২৮০ | ৭৩০ |
| **সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শক** (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ : ১৪.০৯.২০২২ নম্বর-৪৮ | | | | ০০০০০৩-৮০০০৯৯ | ৩১৯ |

**পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :**

১. **কোনো প্রার্থী সহকারী মৎস্য কর্মকর্তা ও সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শক উভয় পদে আবেদন করে থাকলে, তিনি যে কোনো একটি পদের পরীক্ষায় অংশগ্রহণ করবেন। একটি পদের পরীক্ষায় অংশগ্রহণ করলে অন্য পদের পরীক্ষায়ও অংশগ্রহণ করেছেন মর্মে গণ্য হবেন। তবে প্রার্থী যে পদে পরীক্ষা দিতে ইচ্ছুক, তাকে সেই পদের প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। অন্যথায় তিনি উক্ত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।**

২. প্রার্থীগণ স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd অথবা টেলিটক বাংলাদেশ লিঃ এর (http://bpsc.teletalk.com.bd) ওয়েব সাইট থেকে ডাউনলোড করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না;

| | |
|---|---|
| ৩. | **প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদেরকে আগামী ০৪.০৬.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে শ্রুতিলেখকের জন্য কমিশন সচিবালয়ের ইউনিট-৮ এর পরিচালক বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক মনোনয়ন দেওয়া হবে;** |
| ৪. | পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ (দুই) ঘন্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না; |
| ৫. | প্রার্থীদের বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে বা উত্তরপত্রে ফ্লুইড ব্যবহার করলে তার প্রার্থিতা বাতিল হবে; |
| ৬. | আলোচ্য পদসমূহের প্রার্থীদের বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়ে (ইলেকট্রিক্যাল/প্রাণিবিদ্যা)-৮০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। |
| ৭. | প্রার্থীকে ৪টি বিষয়ে উত্তর প্রদানের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। উত্তরপত্রে বিষয় কোড ভুল লিখলে বা পূরণ করলে বা এক বিষয়ের উত্তরপত্রে অন্য বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে; |
| ৮. | পরীক্ষার্থীকে কালো কালির বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে বইপুস্তক, ব্যাগ, মানিব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ব্যাংক কার্ড বা ক্রেডিট কার্ড, ক্রেডিট কার্ড সদৃশ্য বস্তু, অলংকারাদি বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না; কান খোলা রাখতে হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং তাকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে; |
| ৯. | পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না; |
| ১০. | হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়; |
| ১১. | পরীক্ষা কেন্দ্রে কোনো প্রকার অসাধু পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে-কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কর্ম কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন; |
| ১২. | কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। |

১১/০৫/২০২৬

[দিলাওয়েজ দুরদানা]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]